

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-স্বাশিপক-/চিশি-১/এমবিবিএস/বিডিএস/ছাত্রভর্তি-০১/২০১৭-৩৩২

তারিখ: ৩১/০৫/২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: গত ১৮/০৫/২০১৭ খ্রি: তারিখে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে দেশের সকল সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটসমূহে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস/ বিডিএস কোর্সে ভর্তি সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ১৮/০৫/২০১৭ খ্রি: তারিখে মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে দেশের সকল সরকারি/ বেসরকারি মেডিকেল কলেজ/ ডেন্টাল কলেজ/ ডেন্টাল ইউনিটসমূহে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস/ বিডিএস কোর্সে ভর্তি সংক্রান্ত সভার নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

১। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর (এসএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুণ+এইচএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুণ+ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর) থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করে, এবং পূর্ববর্তী বছরের সরকারী মেডিকেল/ ডেন্টাল কলেজে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদেরক্ষেত্রে মোট প্রাপ্ত নম্বর থেকে ৭.৫ (সাত দশমিক পাঁচ) কর্তন করে মেধা তালিকা তৈরী করা হবে।

২। বিদেশি ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য সরকারী মেডিকেল কলেজের জন্য জিপিএ ৮.০০ (আট) এবং বেসরকারি মেডিকেল কলেজের জন্য জিপিএ ৭.০০ (সাত) নির্ধারণ করে মেধা তালিকা তৈরী করা হবে। বিদেশি শিক্ষা কার্যক্রমে এসএসসি, এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী বরাবর ২০০০/- ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারসহ আবেদন পূর্বক তাদের মার্কস সার্টিফিকেটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএ এর সাথে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সমতাকরণ করে সমতা সনদ (Equivalence Certificate) সংগ্রহ করবে।

৩। বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য বিদেশি ছাত্র-ছাত্রীদের কোটা পূর্বের ন্যায় ৫০% বহাল থাকবে।

৪। বিডিএস এর কোর্স আন্তর্জাতিক ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছর এবং বাংলাদেশে এমবিবিএস কোর্স ০৫ (পাঁচ) বছর, কাজেই সমতা করণের জন্য আগামী শিক্ষাবর্ষ থেকে বিডিএস এর কোর্স ০৫ (পাঁচ) বছর মেয়াদী হবে।

৫। 'ও' লেভেলের জন্য তিনটি বিষয় Biology, Chemistry ও Physics থাকতে হবে এবং সর্বোচ্চ নম্বর প্রাপ্ত পাঁচ বিষয় এবং অতিরিক্ত বিষয়ে GPA ২.০০ পয়েন্ট এর অতিরিক্ত প্রাপ্ত নম্বর যোগ করে GPA নির্ধারণ করা হবে তবে সর্বোচ্চ জিপিএ ৫.০০ এর বেশি হবে না। 'এ' লেভেল এর জন্য তিনটি বিষয় Biology, Chemistry ও Physics থাকতে হবে কিন্তু জিপিএ নির্ধারণের জন্য সর্বোচ্চ নম্বর প্রাপ্ত যে কোন তিনটি বিষয় বিবেচনায় আনা হবে। অতিরিক্ত বিষয়ে GPA ২.০০ পয়েন্ট এর অতিরিক্ত প্রাপ্ত নম্বর যোগ করে GPA নির্ধারণ করা হবে তবে সর্বোচ্চ জিপিএ ৫.০০ এর বেশি হবে না। উক্ত সনদপত্র সরকারি/বেসরকারি মেডিকেল/ ডেন্টাল কলেজে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(খান মোঃ নূরুল আমীন)
উপ-সচিব

ফোন-৯৫৪০৭৩০

E-mail address: sasme1@mohfw.gov.bd

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা।

(দৃ: আ: পরিচালক (চিশি ও উন্নয়ন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।)

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

71 E:\All MBBS\Ltr.doc.docx

অনুলিপি:

০১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর একান্ত সচিব।
০২. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর একান্ত সচিব।
০৩. সিনিয়র তথ্য অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার ল্যাণ মন্ত্রণালয়।
০৫. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৬. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৭. সিস্টেমস এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৮. অফিস কপি।